দৈনিক বাংলা

তারিখ 12 JUL 1988
পৃষ্ঠা ৫ কলাম 3



# মেডিক্যাল কলেজে ভর্তি

২২শে জুনের, 'দৈনিক বাংলায়, 'মেডিক্যাল কলেজে শূন্য আসন' শিরোনামে লেখা সম্পাদকীয়ের জন্য সম্পাদককে ধন্যবাদ। দেশের জনস্বাস্থ্যের উন্নতির জন্য প্রয়োজন মেধাবী চিকিৎসকের। দীর্ঘকাল থেকে মেডিক্যাল কলেজসমূহে ভর্তির আবেদনের জন্য এসএসসি ও এইচএসসি (বিজ্ঞান) চূড়ান্ত পরীক্ষার ১২০০ নম্বরই আবেদনকারীর যোগ্যতা হিসাবে বিবেচিত। কিন্তু গত বৎসর হঠাৎ করে এ যোগ্যতা উভয় পরীক্ষায় প্রথম বিভাগ নির্ধারণ করা হয়। প্রসঙ্গত উল্লেখ্য যে ইঞ্জিনীয়ারিং বিশ্ববিদ্যালয় বা দেশের অন্য কোন বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষার ক্ষেত্রে এ ধরনের নিয়ম প্রচলিত নেই।

আরো উল্লেখ্য, গত জাতীয় সংসদ কর্তৃক এ ব্যাপারে পরীক্ষা নিরীক্ষা করার জন্য একটি সর্বদলীয় পার্লামেন্টারী মেডিক্যাল শিক্ষা কমিটি গঠন করা হয়। কমিটি উন্নয়নশীল বিভিন্ন দেশের মেডিক্যাল শিক্ষাক্রম ও ভর্তির নিয়মাবলী পর্যালোচনা করে সরকারের কাছে যে সর্বসম্মত রিপোর্ট পেশ করেছে তাতে ভর্তির আবেদনের জন্য যোগ্যতা হিসাবে এসএসসি ও এইচএসসি (বিজ্ঞান) এ প্রথম বিভাগের পরিবর্তে পূর্বের মতো উভয় পরীক্ষায় মোট ১২০০ নম্বর সুপারিশ করা হয়েছে। বলার অপেক্ষা রাখে না, এ সুপারিশ দেশে উচ্চশিক্ষার ক্ষেত্রে অনুসৃত সার্বজনীন পদ্ধতির সাথে সঙ্গতিপূর্ণ। অতএব এই পার্লামেন্টারী কমিটির রিপোর্ট অনুযায়ী মেডিক্যাল কলেজে ভর্তির যোগ্যতা হিসাবে এসএসসি ও এচএসসি (বিজ্ঞান) উভয় পরী-

## জনমত

ক্ষায় সর্বমোট ১২০০ নম্বর রাখাই উচিত বলে মনে করি। বিকল্প ব্যবস্থা হিসাবে ইঞ্জিনীয়ারিং বিশ্ববিদ্যালয়ের ভর্তির নিয়ম অনুযায়ী শুধুমাত্র এইচএসসি (বিজ্ঞান), মেডিক্যাল গ্রুপের বিষয়গুলিতে গড়ে শতকরা ৬০% নম্বর প্রাপ্তিক আবেদনের যোগ্যতা হিসাবে নির্ধারণ করা যেতে পারে।

এ এম রহিম,
২৬ সি বনানী স্টাফ কোয়ার্টার্স,
ঢাকা, টেলিফোন নং ৬০৯৬২০।